মেহেরপুরে নতুন করে আজ পাঁচ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ ০৫ জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৬৭০ জন।

নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ২৩ টি। এর মধ্যে ০৫ টি পজিটিভ (সদর- ২, গাংনী- ৩)। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৪৫৯৩ টি। এর মধ্যে করোনা পজেটিভ ৬৭০ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২৪ টি (সদর- ১২ গাংনী- ০৭ মুজিবনগর- ০৫) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১৬ জন। । এ পর্যন্ত সুস্থ্য হয়েছে ৫৭৬ জন।

বিভিন্ন সূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় গাংনী বেতবাড়িয়ার রাফি আহমেদ(০৫), রুপিয়া খাতুন(৪৫), ইউএনও অফিস সুরাইয়া বেগম(৬০), বাকি দুই জন মেহেরপুর শহরের নিউ কেয়া স্টোর রাওজাতুন্নেসা(৯০), সদরের আহমদ গ্রামের আসাদুল হক(৫২)।

করোনায় আক্রান্ত বিএনপির একঝাঁক হেভিওয়েট নেতা

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন বিএনপির ভাইস চেয়ারম্যান মোহাম্মদ শাহজাহান ও তার স্ত্রী বেগম রহিমা শাহজাহান। তারা দুজনেই বাসায় থেকে চিকিৎসা নিচ্ছেন। বিএনপি চেয়ারপারসনের প্রেস উইং সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানিয়েছেন।

শায়রুল বলেন, মঙ্গলবার (৩ নভেম্বর) চিকিৎসকের পরামর্শে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

এদিকে বিএনপির আরো তিন নেতার করোনা আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। তারা হলেন- বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু, সাংগঠনিক সম্পাদক শামা ওবায়েদ ও ফজলুল হক মিলন। এছাড়া শুক্রবার করোনা পজিটিভ রিপোর্ট এসেছে সাবেক সংসদ সদস্য জহির উদ্দিন স্বপনের। সূত্র- কালের কন্ঠ

মেহেরপুরে নতুন করে সাত জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ ০◌ে৭ জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৬৬৫ জন।

নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ২৯ টি। এর মধ্যে ০৭ টি পজিটিভ (সদর- ৫, মুজিবনগর- ২)। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৪৫৭০ টি। এর মধ্যে করোনা পজেটিভ ৬৬৫ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২০ (সদর- ১০, গাংনী- ৫, মুজিবনগর- ৫) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১৬ জন। । এ পর্যন্ত সুস্থ্য হয়েছে ৫৭৫ জন।

বিভিন্ন সূত্রে পাওয়া পজিটিভদের পরিচয়: মেহেরপুর শহরের নিউ কেয়া স্টোরের হাফিজুর রহমান (৫৫), সাহিদা রহমান (৫০), নাফিসা তাসনিম (১৭), সাবিহা সুলতানা (৪৩), সদর হসপিটালের স্মৃতি রাঙদি (৩৬) অপর দুইজন হলেন, মুজিবনগর বিশ্বনাথপুরের মর্জিনা খাতুন (৭০) ও নাজিরাকোনার আব্দুর রশীদ (২৫) ।

মুজিবনগরে করোনায় আক্রান্ত হয়ে একজনের মৃত্যু

মুজিবনগরে আনার মোল্লা(৪০) নামের একজন করোনা আক্রান্ত রোগীর মৃত্যু হয়েছে।

শনিবার সন্ধায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

আনার মোল্লা মুজিবনগর উপজেলার বিদ্যাধরপুর গ্রামের দয়াল মোল্লার ছেলে।

পেশায় তিনি ছিলেন একজন কৃষক, এবং তিনি কাঁচামালের খুচরা ব্যাবসাও করতেন। ব্যাবসার উদ্যেশ্যে অনেক সময় তিনি বিভিন্ন বাজারে যেতেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, কয়েক সপ্তাহ আগে তিনি ঠান্ডা, কাশি ও শ্বাসকষ্ট রোগে ভূগছিলেন। পরে তার নমুনা পরিক্ষা করা হলে করোনা পজেটিভ আসে। আস্তে আস্তে তার অবস্থার অবনতি ঘটলে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই তিনি চিকিৎসাধীন ছিলেন।

মুজিবনগর স্বাস্থ কমপ্লেক্স এর আরএমও মাহামুদুল হাসান জানান, নিহতের লাশ রাত ৯ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল থেকে তার বাসার উদ্যেশে রওনা হয়েছে। নিহতের লাশ পৌছালে স্বাস্থবিধি মেনেই লাশের দাফন সম্পূন্ন করা হবে।

করোনামুক্ত হলেন তথ্যমন্ত্রী

করোনাভাইরাস সংক্রমণ থেকে মুক্ত হয়েছেন তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক ড. হাছান মাহমুদ

আজ রবিবার তার করোনা টেস্টের ফল নেগেটিভ এসেছে বলে জানিয়েছেন মন্ত্রীর একান্ত সহকারী সচিব (এপিএস) মকবুল হোসেন। তথ্যমন্ত্রীর

স্ত্রী’র করোনা টেস্টের ফলও নেগেটিভ এসেছে বলে জানিয়েছেন তিনি। তবে তথ্যমন্ত্রীর স্ত্রী করোনায় আক্রান্ত ছিলেন না।

এপিএস মকবুল জানান, মন্ত্রী মহোদয় হয়তো আজকের মধ্যেই বাসায় ফিরবেন। করোনাকালীন প্রায় প্রতিদিনই সচিবালয়ে দাপ্তরিক কাজ করছিলেন তথ্যমন্ত্রী। তিনি করোনায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি অবস্থায়ও মন্ত্রণালয়ের নথিপত্র স্বাক্ষর অব্যাহত রেখেছেন।

এর আগে গত ১৬ অক্টোবরের পরীক্ষায় পজিটিভ আসে তথ্যমন্ত্রীর। এরপর তিনি রাজধানীর স্কয়ার হাসপাতালে ভর্তি হন। পরে তিনি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালে ভর্তি হন। তবে তার শারীরিক কোনো জটিলতা নেই।

মেহেরপুরে ফারুক হত্যাকাণ্ডে মামলা দায়ের

মেহেরপুরে শহর সমাজ সেবা অফিসের মাঠকর্মী ফারুক হোসেনকে কুপিয়ে হত্যার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। তবে এ ঘটনায় গতকাল রাত ১২ টা পর্যন্তÍ পুলিশ কাউকে আটক করতে পারেনি। তবে অভিযান চলছে।

গতকাল শুক্রবার রাতে ফারুক হোসেনের স্ত্রী নাজমা খাতুন বাদি হয়ে মেহেরপুর সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। মামলায় অজ্ঞাতনামা বেশ কয়েকজনকে আসামি করা হয়েছে। যার নম্বর-২৭।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান মামলার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান,কাউকে আটক করতে না পারলেও পুলিশি তদন্ত ও অভিযান অব্যাহত রয়েছে।

এদিকে, গতকাল শুক্রবার বিকালে ফারুক হোসেনের লাশের ময়নাতদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হয়। পরে সন্ধ্যার দিকে জানাযা শেষে দাফন করা হয়েছে।

উল্লেখ্য, বৃহস্পতিবার রাত সাড়ে ১১ টার দিকে কয়েকজন সন্ত্রাসী ফারুকে তার বাড়ির কাছের কাছের সড়কে কুপিয়ে হত্যা করে।

আজ স্থানীয় শহীদ রোভার দিবস

আজ ২৩ অক্টোবর। স্থানীয় শহীদ রোভার দিবস। মেহেরপুরের জন্য শোকের দিন। ১৯৯৭ সালের আজকের এই দিন। সকাল হতেই এক মর্মান্তিক খবরে জেলাব্যাপী শোকের ছায়া নেমে আসে। সিলেটের লাক্কাতুরা চা বাগান সংলগ্ন গলফ ক্লাব অ্যারিনায় ৯ম এশিয়া প্যাসিফিক/৭ম বাংলাদেশ রোভার মুটে অংশ নিতে মেহেরপুর থেকে ছেড়ে রোভার স্কাউটের বাসটি দুর্ঘটনার কবলে পড়ে। আর এতে ঘটনাস্থলেই শহীদ হোন ৫ রোভার। আহত আরো ১৯ জন।

কভার রোভাররা হলেন জাভেদ ওসমান, মনিরুল ইসলাম, মাসুম হোসেন, মুন্সী আমিনুল ইসলাম ও মাহফুজুর রহমান মাহফুজ। তাঁদের মধ্যে জাভেদ ওসমান, মনিরুল ইসলাম ও মাসুম হোসেন ছিলেন মেহেরপুর শহরের। আমিনুল ইসলামের বাড়ি মুজিবনগরের দারিয়াপুর এবং মাহফুজুর রহমান ছিলেন সদর উপজেলার উজুলপুর গ্রামের।

বাংলাদেশ স্কাউটের ত্রৈমাসিক পত্রিকা ‘রোভার’ এপ্রিল সংখ্যার মূল প্রতিবেদন ছিল মেহেরপুরে শহীদ রোভারদের নিয়ে। “ডেডলাইন মেহেরপুর” শিরোনামে সেই প্রতিবেদন থেকে জানা যায়, ২৪ অক্টোবর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত সিলেটের লাক্কাতুরা চা বাগান সংলগ্ন গলফ ক্লাব অ্যারিনায় অনুষ্ঠিত ৯ম এশিয়া প্যাসিফিক/৭ম বাংলাদেশ রোভার মুটে যোগদানের জন্য মেহেরপুর জেলার মেহেরপুর সরকারী কলেজ, মুজিবনগর কলেজ, মুন্সী মেহেরুল্লাহ মুক্ত রোভার স্কাউট গ্রুপ, মুন্সী জমির উদ্দীন মুক্ত রোভার দলের ৩২ জন রোভার স্কাউট ও ৪ জন রোভার লীডার (শিক্ষক) সহ ৩৬ জন একটি ভাড়াকৃত বাসযোগে (বাস নং-মেহেরপুর জ- ০৪-০০১৫) ২২ অক্টোবর রাত ৮ টার সময় মেহেরপুর থেকে যাত্রা শুরু করে। বাসটি গত ২৩ অক্টোবর ভোরর ৫টা ১০ মিনিটে ঢাকার অদূরে ধামরাই থানাধীন জয়পাড়া নামক স্থানে চালক নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনায় পতিতহয়। দুর্ঘটনাস্থলে ৫জন রোভার স্কাউটের মৃত্যু ঘটে । এছাড়া ১৯জন রোভার আহত হয়।

তার মধ্যে ১৭ জনকে ধামরাই স্বাস্থ্য কমপ্লেক্স থেকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেয়া হয়। একজনকে তাৎক্ষণিকভাবে ধামরাই থানা কমপ্লেক্স ভর্তি করা হয়। গুরুতর আহত অবস্থায় মেহেরপুর সরকারী

পরদিন ২৪ অক্টোবর ৯৭ তারিখ শুক্রবার মেহেরপুর সরকারী কলেজ মাঠে তাঁদের নামাজের জানাজা অনুষ্ঠিত হয়। নামাজে জানাজায় প্রায় ২০ হাজার স্থানীয় লোক শরীক হন।

জাতীয় প্রচার মাধ্যম ও পত্র-পত্রিকায় দুর্ঘটনার বিষয়টি ফলাও ভাবে প্রকাশিত হয়। ২৫শে অক্টোবর ১৯৯৭ তারিখে ৯ম এশিয়া প্যাসিফিক/৭ম বাংলাদেশ রোভার মুটের আনুষ্ঠানিক উদ্বোধনের দিন রাষ্ট্রপতি ও চীফ স্কাউট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ-এর উপস্থিতিতে এক ভাবগম্ভীর পরিবেশে শোকবার্তা পাঠ করা হয় ও নিহতদের রুহের মাগফেরাত কামনা করে মোনাজাত করা হয়।

এর পর থেকে প্রতিবছর মেহেরপুর জেলা স্কাউট দিবসটি নানা কর্মসূচীর মাধ্যমে পালন করে থাকে। আজও নানা কর্মসূচী নেওয়া হয়েছে বলে জানান, মেহেরপুর জেলা স্কাউটস এর সাধারণ সম্পাদক ফখরুজ্জামান উজ্জল। তিনি জানান, করোনা প্রাদুর্ভাবের কারণে আলোচনা সভা না করা হলেও অন্যান্য কর্মসূচী রাখা হয়েছে।

তার মধ্যে, সকাল সাড়ে ৬ টায় কবর জিয়ারত, সকাল সাত টায় কবি নজরুল শিক্ষা মঞ্জিল প্রাঙ্গনে অবস্থিত স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং বিকাল ৩ টায় মেহেরপুর সরকারি কলেজ জামে মসজিদে দোয়া মাহফিল।

চ্যাম্পিয়নস লিগের প্রথম ম্যাচেই ঘরের মাঠে লজ্জায় ডুবল রিয়াল

শুরু হয়েছে উয়েফা চ্যাম্পিয়নস লিগের নতুন মৌসুম। নতুন মৌসুমের গ্রুপ পর্বের প্রথম ম্যাচেই লজ্জায় ডুবল স্প্যানিশ জায়ান্ট রিয়াল মাদ্রিদ।

বুধবার দিবাগত রাতে ঘরের মাঠে তাদেরকে ৩-২ গোলে হারিয়ে দিয়েছে ইউক্রেনের ক্লাব শাখতার দনেৎস্ক। ঘরের মাঠে এটা ছিল রিয়ালের টানা দ্বিতীয় হার। এর আগে লা লিগার ম্যাচে তারা কাদিজের কাছে হেরেছিল

১-০ ব্যবধানে।

শাখতার প্রথমার্ধেই ৩-০ গোলে লিড নিয়েছিল। বিরতির পর রিয়াল দুটি গোল শোধ দেয়।

ঘরের মাঠে ম্যাচের ২৯ মিনিটেই পিছিয়ে পরে রিয়াল। এ সময় শাখতারের মাতেউস তেতে গোল করে এগিয়ে নেন দলকে। পরের গোলটি আসে আত্মঘাতী খাত থেকে ৩৩ মিনিটে। এ সময় তেতের নেওয়া শট রাফায়েল ভারানে নিজেদের জালে জড়িয়ে দেন। বিরতিতে যাওয়ার ৩ মিনিট আগে শাখতারের মানোর সলোমান রিয়ালের রক্ষণভাগকে টেক্কা দিয়ে বল জালে পাঠান। তাতে ৩-০ ব্যবধানে এগিয়ে থেকে বিরতিতে যায় ইউক্রেনের ক্লাবটি।

অবশ্য বিরতির পর শুরুটা দারুণই হয়েছিল রিয়ালের। ৫৪ মিনিটে লুকা মদ্রিচ গোল করে ব্যবধান কমান। আর ৫৯ মিনিটে বদলি খেলোয়াড় ভিনিসিউস জুনিয়র গোল করে ব্যবধান করেন ৩-২।

এরপর অবশ্য শাখতারের মার্লোস রিয়ালের জালে আরও একবার বল জড়িয়েছিলেন। কিন্তু সেটি অফসাইডের কারণে বাতিল হয়। ম্যাচের অন্তিম মুহূর্তে কর্নার থেকে বক্সের সামনে বল পেয়ে নিচু শটে জালে জড়িয়েছিলেন রিয়ালের ফেদেরিকো ভালভার্দে। রিয়াল সমর্থকরা সমতা ফেরানোর উল্লাসে মেতেছিল। কিন্তু ভিএআরে চেক করে সেটিও অফসাইডের কারণে বাতিল হয়। তাতে ৩-২ ব্যবধানের হার নিয়ে মাঠ ছাড়ে জিনেদিন জিদানের শিষ্যরা।

শনিবার লা লিগায় মৌসুমের প্রথম এল ক্লাসিকোতে বার্সেলোনার মুখোমুখি হবে রিয়াল মাদ্রিদ। এরপর মঙ্গলবার চ্যাম্পিয়নস লিগে তারা মুখোমুখি হবে বরুশিয়া মোশেনগ্লাডবাখের। এল ক্লাসিকোর আগে ঘরের মাঠে এমন দুই হার রিয়ালের আত্মবিশ্বাসে চিড় ধরায় কিনা দেখার বিষয়।

প্রাথমিকে শিক্ষক পদে আবেদন

করবেন যেভাবে

প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এর মাধ্যমে সাড়ে ৩২ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হবে বলে জানা গেছে। প্রাথমিক শিক্ষা অধিদফতরের নিয়োগ শাখার সহকারী পরিচালক আতিক বিন সাত্তার বিষয়টি নিশ্চিত করেন।

এ বিষয়ে ডিপিই থেকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত ‘সহকারী শিক্ষক’র শূন্যপদ এবং জাতীয়করণ করা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিডিইপি-৪ এর আওতায় প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য রাজস্বখাতে সৃষ্ট ‘সহকারী শিক্ষক’ পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩তম গ্রেডে অস্থায়ীভাবে নিয়োগ করা হবে। তিন পার্বত্য জেলা রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানের প্রার্থীরা এতে আবেদন করতে পারবেন না।

আবেদন করবেন যেভাবে : বিজ্ঞপ্তিতে জানানো হয়, ২৫ অক্টোবর সকাল সাড়ে ১০টা থেকে অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে। শেষ হবে ২৪ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিটে।

এ পদে প্রার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। http://dpe.telelalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করলে অনলাইনে আবেদনের ফরম পূরণের নির্দেশনা পাওয়া যাবে। সংশ্লিষ্ট নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনপত্র পূরণ করতে হবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ করে জমা করার পর অ্যাপ্লিকেশন কপি প্রিন্ট করতে হবে। সঠিকভাবে পূরণকৃত অ্যাপ্লিকেশন কপির ইউজার আইডি দিয়ে আবেদন ফি জমা দিতে হবে। একবার আবেদন ফি জমা দেওয়ার পর অ্যাপ্লিকেশন ফরম কোনো অবস্থায়ই সংশোধন বা প্রত্যাহার করা যাবে না। শুধু ইউজার আইডিপ্রাপ্ত প্রার্থীরা এই সময় পরবর্তী ৭২ ঘণ্টা পর্যন্ত এসএমএসের মাধ্যমে ফি প্রদান করতে পারবেন।

আবেদনকারীকে একটি ইউজার আইডি এবং পাসওয়ার্ড দেওয়া হবে। এই ইউজার আইডি এবং পাসওয়ার্ড সব সময়ের জন্য প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ অফেরৎযোগ্য সার্ভিস চার্জসহ ১১০ টাকা যেকোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে এসএমএসের মাধ্যমে যথাসময়ে প্রেরণ করতে হবে।

বয়সসীমা : প্রার্থীদের বয়স ২০ অক্টোবর ২০২০ তারিখে সর্বনিম্ন ২১ বছর এবং ২৫ মার্চ পর্যন্ত সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে এ বয়সসীমা হবে ৩২ বছর। বয়স নিরূপণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

শিক্ষাগত যোগ্যতা: যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সম্মান বা সমমানের ডিগ্রি থাকতে হবে।

আবেদন ফি : ১১০ টাকা। যার মধ্যে অফেরৎযোগ্য ১০০ টাকা আবেদন ফি ও ১০ টাকা টেলিটকের সার্ভিস চার্জ।

নির্বাচন পদ্ধতি : সহকারী শিক্ষক পদে এর আগে ৮০ নম্বরের এমসিকিউ পদ্ধতিতে লিখিত পরীক্ষা ও ২০ নম্বরের মৌখিক পরীক্ষা নেওয়া হতো। বাংলা, গণিত, ইংরেজি ও সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন থাকত। তবে এবারের নিয়োগে কত নম্বরের পরীক্ষা হবে এ বিষয়টি এখনো চূড়ান্ত হয়নি। এসব পরীক্ষার তারিখ পরে অধিদফতরের ওয়েবসাইট ও বিভিন্ন পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে বলে অধিদফতর সূত্রে জানা গেছে।

যেসব কাগজপত্র লাগবে: প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর আবেদনপত্রের সঙ্গে অনলাইনে দাখিলকৃত আবেদনের ফটোকপি, পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সব মূল বা সাময়িক সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে জমা দিতে হবে।

বেতন: ১১০০০-২৬৫৯০ টাকা (গ্রেড-১৩) (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)।

ডিপিই সূত্রে জানা গেছে, এবারের বিজ্ঞপ্তির মাধ্যমে সারাদেশে ২৫ হাজার ৬৩০ জন প্রাক-প্রাথমিক শিক্ষক এবং ৬ হাজার ৯৪৭ শূন্যপদে সহকারী শিক্ষক নিয়োগ দেয়া হবে।

[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [